গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জগন্নাথপুর, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০৪৭.০০০.০২.০৩৪.১৫.১৪৬(২৮) তারিখ- ০৩.০২.২০১৯খ্রিঃ

## নৌকাঘাট ইজারা বিজ্ঞপ্তি -০১/২০১৯

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলাধীন নিম্নবর্ণিত নৌকাঘাটটি ১৪২৬ বাংলা সন মেয়াদে (১লা বৈশাখ ১৪২৬ বাংলা হতে ৩০ চৈত্র ১৪২৬ বাংলা পর্যন্ত) এক বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যাক্তিদের নিকট হতে উল্লিখিত তারিখ ও সময়ে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে নিম্নোক্ত শর্তে দরপত্র আহ্বান করা যাচ্ছে। ইজারা সংক্রান্ত যাবতীয় শর্তাবলী www.jagannathpur.sunamganj.gov.bd ওয়েবসাইট ও অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

### ইজারযোগ্য নৌকা ঘাটের বিবরণ ঃ

| ক্রমিক নং | নৌকা ঘাটের নাম | ইউনিয়নের নাম | কাঙ্খিত সরকারি মূল্য | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | সৈয়দপুর বাজার নৌকাঘাট (সৈয়দপুর বাজার) | সৈয়দপুর শাহারপাড়া | ৭৫৬৩১/- | ৫০০/= | |

### ইজারা সংক্রান্ত সময়সূচী ঃ

| পর্যায় | দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় ( অফিস চলাকালীন সময় ) | দরপত্র দাখিলের তারিখ ও সময় ( দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত) | দরপত্র বাক্স খোলার তারিখ ( বিকাল ৩. ০০ ঘটিকা ) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ২৬.০২.২০১৯খ্রি. | ২৭.০২.২০১৯খ্রি. | ২৭.০২.২০১৯খ্রি. | ১ম তারিখ ইজারা প্রদান কার্যক্রম চূড়ান্ত না হলে পরবর্তী তারিখ ইজারা প্রদানের জন্য ধার্য্য থাকবে। |
| ২য় পর্যায় | ১৯.০৩.২০১৯খ্রি. | ২০.০৩.২০১৯খ্রি. | ২০.০৩.২০১৯খ্রি. | |
| ৩য় পর্যায় | ১৬.০৪.২০১৯ খ্রি. | ১৭.০৪.২০১৯ খ্রি. | ১৭.০৪.২০১৯ খ্রি. | |
| ৪র্থ পর্যায় | ০৬.০৫.২০১৯খ্রি. | ০৭.০৫.২০১৯খ্রি | ০৭.০৫.২০১৯খ্রি | |

### দরপত্র দাখিলের শর্তাবলী ঃ

১.দরপত্রের সাথে দরপত্র উল্লেখিত দরের ২৫% অর্থ জামানত হিসাবে (ফেরতযোগ্য) যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর,সুনামগঞ্জ এর অনুকুলে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ ( ফেরতযোগ্য) জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা সরকার নির্ধারিত টোল চার্ট টাঙ্গাতে হবে। তা টাঙ্গাতে ব্যর্থ হলে জামানতের টাকা হতে তা খরচ করা হবে। এবং অবশিষ্ট টাকা ইজারা গ্রহীতাকে ফেরত দেয়া হবে।

২.দরপত্রের নির্দিষ্ট কলামে দরপত্র দাতার নাম,ঠিকানা ও স্বাক্ষর থাকতে হবে। কোন স্বাক্ষর জাল বলে প্রমানিত হলে সংশ্লিষ্ট ব্যাক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩.সিডিউল ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জগন্নাথপুর / সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় জগন্নাথপুর হতে নির্ধারিত তারিখ ও সময় অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র ক্রয় করা যাবে না।

৪. সীলমোহরকৃত নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত দরপত্র বাক্সে উপরে বর্ণিত তারিখ দুপুর ১.০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে এবং বিকাল ৩.০০ ঘটিকার সময় সকলের উপস্থিতিতে ( যদি কেহ উপস্থিত থাকেন ) দরপত্র বাক্স খোলা হবে।

৫. দরপত্র অনুমোদিত হলে দরপত্র দাতাকে অবহিতকরনের ০৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট অর্থ ও অন্যান্য করাদি পরিশোধ করতে হবে।

৬. অনুমোদিত দরদাতাকে ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর প্রদান করতে হবে।

৭. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়কর সহ পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/= টাকার নন জুডিশিয়াল স্টাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

৮. দরপত্র গ্রহিতা দরপত্রের উপর সমুদয় অর্থ জমা দেয়ার পরই নৌকাঘাটের দখল দরপত্র দাতার নিকট নির্ধারিত চুক্তিনামার মাধ্যমে হস্থান্তর করা হবে। চুক্তিপত্র সম্পাদন ব্যাতিরেকে স্বীয় দায়িত্বে নৌকা ঘাটের দখলে গেলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯.গ্রহিতা দরপত্রের উপর সমুদয় অর্থ জমা দেয়ার পরই নৌকা ঘাটের দখল দরপত্র দাতার নিকট নির্ধারিত চুক্তিনামার মাধ্যমে হস্থান্তর করা হবে। চুক্তিপত্র সম্পাদন ব্যাতিরেকে স্বীয় দায়িত্বে নৌকা ঘাটের দখলে গেলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০.অনুমোদিত দরপত্রের সম্পূর্ন অর্থ পরিশোধ না করা পর্যন্ত দরদাতার নিকট নৌকা ঘাটের দখল হস্থান্তর করা হবে না।

১১.দাখিলকৃত দরপত্রগুলো (একের অধিক) দরপত্রে উল্লেখিত দর সমান হলে কর্তৃপক্ষ লটারির মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।

১২. ইজারাদার কোন ক্রমেই নৌকাঘাটটি অন্যের নিকট ইজারা বন্দোবস্ত (সাব লীজ) দিতে পারবেন না। যদি অনুরুপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন ধরা পড়ে তা হলে তার ইজারা বাতিল সহ ইজারদারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

১৩.কালেক্টর কর্তৃক অনুমোদিত টোল আদায়ের হার সংশ্লিষ্ট নৌকা ঘাটের ইজারাদার কর্তৃক টাঙ্গিয়ে রাখতে হবে এবং নির্ধারিত চার্ট অনুযায়ী টোল আদায় করতে হবে। অন্যতায় ইজার বাতিল করা হবে। টোল চার্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় বা জেলা প্রশাসকের কার্যালয় হতে সংগ্রহ করা যাবে।

১৪.কোন কারনে ১লা বৈশাখ ১৪২৬ বাংলা সনের নৌকাঘাটের দখল অনুমোদিত দরদাতার নিকট হস্থান্তর করা সম্ভব না হলে ১লা বৈশাখ হতে ঘাটের দখল প্রদানের পূর্ব পর্যন্ত খাস কালেকশনের অর্থ ইজারাদার প্রাপ্য হবেন।

১৫. অসম্পূর্ন / ক্রটিপূর্ন দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৬. বর্ণিত শর্তাদি ছাড়াও স্থানীয় সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত নৌকাঘাট ইজারা সংক্রান্ত বিধি বিধান কার্যকর হবে।

১৭.সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন।

৬/০২/১৯

( মাহফুজুল আলম মাসুম)
উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ ।
ফোন নং- ০৮৭২৭-৫৬০২৫

স্মারক নং-০৫.৪৬.৯০৪৭.০০০.০২.০৩৪.১৫. ১৪৬(২৮) তারিখ- ০৩.০২.২০১৯খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে

১. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

২. উপ পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।

৩. অতিরিক্ত জেলা প্রশাসক, (রাজস্ব) সুনামগঞ্জ।

৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

৫. উপজেলা নির্বাহী অফিসার ---------------(সকল), সুনামগঞ্জ।

৬. মেয়র, জগন্নাথপুর পৌরসভা, সুনামগঞ্জ।

৭. সহকারী কমিশনার (ভূমি), জগন্নাথপুর, সুনামগঞ্জ।

৮. উপজেলা ---------------------------কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

৯. সাব রেজিস্টার, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

১০. চেয়ারম্যান ----------------------ইউপি (সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।

১১. কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

১২. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, শ্রীরামসি ইউনিয়ন ভূমি অফিস, তার অধিক্ষেত্রের হাট বাজারে ঢোল সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৩. সম্পাদক, দৈনিক সুনামগঞ্জের খবর , সুনামগঞ্জ। বিজ্ঞপ্তিটি খুব সংক্ষিপ্ত পরিসরে তার পত্রিকার ভিতরের পৃষ্ঠার নির্ধারিত তারিখের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে ০১ (এক) দিনের জন্য শুধুমাত্র বিজ্ঞপ্তিটির মূল অংশ প্রকাশপূর্বক প্রকাশিত সংখ্যার ০৩ (তিন) কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৪. জনাব --------------------, সাবেক ইজারাদার,------------ নৌকাঘাট, গ্রাম------, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

১৫. ওয়েব সাইট , অত্রাফিস।

১৬. অফিস নথি/মাস্টার নথি/নোটিশ বোর্ড ।

৩/২/১৯

উপজেলা নির্বাহী অফিসার

জগন্নাথপুর, সুনামগঞ্জ ।